দর্শনায় নির্বাচনী আচরণবিধি লঙ্ঘন: ১ জনের কারাদণ্ড ও ৬ জনের জরিমানা

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনায় নির্বাচন চলাকালীন কেন্দ্রের মধ্যে আচরণবিধি লঙ্ঘনের দায়ে আরিফুল ইসলাম লাল্টু (৪০) নামের একজনকে ২ বছরের সশ্রম কারাদণ্ড ৩ হাজার টাকা জরিমানা অনাদায়ে ৩ মাসের জেল প্রদান করেছে।

আজ রোববার দুপুর ৩ টার দিকে দর্শনা সরকারী কলেজে ভোট কেন্দ্রের এ ঘটনা ঘটে। সন্ধ্যায় তাকে চুয়াডাঙ্গা জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

জানাযায়, গতকাল রোববার দুপুর ৩ টার দিকে দর্শনা সরকারী কলেজ ভোট কেন্দ্রে আচরণ বিধি লঙ্ঘনের দায়ে আরিফুল ইসলাম লাল্টু নামের এক ব্যক্তিকে আটক করে পুলিশ। এসময় তাকে ভ্রাম্যমান আদালতে কারাদন্ড প্রদান ও অর্থ জরিমানা অন্যথায় কারাদন্ডের রায় প্রদান করা হয়।

কারাদন্ড প্রাপ্ত ব্যাক্তি দর্শনা পৌর এলাকার থানাপাড়া মৃত লুৎফর রহমানের ছেলে আরিফুল ইসলাম লাল্টু। তাকে ভোটকেন্দ্রের অভ্যন্তরে সন্ধেহজনক ঘোরাঘুরি ও আচরণ বিধি লঙ্ঘনের দায়ে চুয়াডাঙ্গা-২ নির্বাচনী এলাকার নির্বাহী ম্যাজিস্ট্রেট অর্পিতা আক্তার ২ বছরের সশ্রম কারাদণ্ড ৩ হাজার টাকা জরিমানা ও অনাদায়ে ৩ মাসের কারাদন্ড প্রদান করেছে।

এসব উপস্থিত ছিলেন দর্শনা থানার অফিসার্স ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার সাহা সহ আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা। অন্যদিকে চুয়াডাঙ্গা- ২ নির্বাচন এলাকার নির্বাহী ম্যাজিস্ট্রেট রাবেয়া বসরী দামুড়হুদা সড়কে বিভিন্ন স্থানে অভিযান চালায়। এ সময় সড়ক আইনে ৬ জনকে আচরণ বিধি লঙ্ঘন ও অবৈধ্য মোটরযান চালানোর অপরাধে ৩ হাজার টাকা জরিমানা করেছেন।

চাকরিবিধি ও নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনে সাইদুরকে শোকজ

অসুস্থতা জনিত ছুটি নিয়ে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের নির্বাচনী প্রচারণায় অংশ নেওয়া সাইদুর রহমানকে স্বপ্রনোদিত শোকজ করেছে মেহেরপুর-১ সংসদীয় আসনের নির্বাচন অনুসন্ধান কমিটি। সাইদুর রহমান মেহেরপুর সদর উপজেলার শোলমারি গ্রামের মৃত ফরাতুল্লাহ্’র ছেলে।তিনি চুয়াডাঙ্গা জেলা পল্লী সঞ্চয় অফিসের মাঠ সহকারী হিসেবে কর্মরত রয়েছেন।

শনিবার (৩০ ডিসেম্বর) মেহেরপুর-১ সংসদীয় আসনের নির্বাচন অনুসন্ধান কমিটির চেয়ারম্যান এবং মেহেরপুরের যুগ্ন জেলা ও দায়রা জজ ২য় আদালতের বিচারক এইচ এম কবির হোসেন এই স্বপ্রণোদিত শোকজ করেন।



নির্বাচন অনুসন্ধান কমিটির দপ্তর সূত্রে জানা গেছে, ২৭ ডিসেম্বর পত্রিকায় প্রকাশিত সংবাদ নির্বাচন অনুসন্ধান কমিটির দৃষ্টিগোচর হয়। কমিটি জানতে পারে মোঃ সাইদুর রহমান রাষ্ট্রায়ত্ত বাংলাদেশ পল্লি সঞ্চয় ব্যাংকে মাঠ সহকারী কর্মকর্তা। তিনি চুয়াডাঙ্গা জেলায় কর্মরত। তবে অসুস্থতাজনিত ছুটি নিয়ে মেহেরপুর-১ আসনের নৌকার প্রার্থী জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের নির্বাচনী প্রচারনায় অংশ নিয়েছেন। কর্মকাণ্ডের মাধ্যমে তিনি সরকারী কর্মচারী হয়েও নির্বাচনী প্রচারনায় অংশ নিয়ে সরকারী কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর বিধি ২৫ (৩) লঙ্ঘন করেছেন।

আগামী ১ জানুয়ারি সকাল ১১ টার সময় তাকে স্বশরীরে মেহেরপুর-১ আসনের নির্বাচন অনুসন্ধান কমিটির চেয়ারম্যানের কার্যালয়ে হাজির হয়ে জবাব দিতে বলা হয়েছে।

চুয়াডাঙ্গা-১ আসনে নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনে স্বতন্ত্র প্রার্থীকে জরিমানা

চুয়াডাঙ্গা-১ আসনে নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের দায়ে স্বতন্ত্র ঈগল প্রতিকের প্রার্থীর কর্মীকে ১৫ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

গতকাল শনিবার বিকেলে উপজেলার মুন্সিগঞ্জ পশুহাট প্রাঙ্গণে এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়। ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন উপজেলা সহকারি কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রেজওয়ানা নাহিদ।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আচরণ বিধি প্রতিপালন নিশ্চিত করতে গতকাল শনিবার বিকেলে উপজেলার বিভিন্ন স্থানে উপজলা সহকারী কমিশনার (ভূমি) নির্বাহী ম্যাজিস্ট্রেট রেজওয়ানা নাহিদ এ অভিযান পরিচালনা করেন।

এ অভিযানে আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়নের মুন্সিগঞ্জ পশুহাট এলাকায় স্বতন্ত্র প্রার্থী দিলীপকুমার আগরওয়ালার একই ইউনিয়নে দুটি নির্বাচনি অফিস, আলোকসজ্জা ও তোড়ন নির্মাণের অভিযোগ পাওয়া যায়। এতে নির্বাচনী আচরণ বিধি লঙ্ঘনের অভিযোগে এ প্রার্থীর এক দায়িত্বরত কর্মীকে ১৫ হাজার টাকা জরিমানা করা হয় এবং তাৎক্ষণিক নির্বাচনি অফিস বন্ধ করে আলোকসজ্জা ও তোড়ন অপসারণ করা হয়।

সহকারি কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রেজওয়ানা নাহিদ বলেন, নির্বাচনী আচরণবিধি লঙ্ঘন করলে কাউকেই ছাড় দেওয়া হবে না।

নির্বাচনে সকল প্রার্থীকেই আইন মেনে চলতে হবে। নির্বাচন পর্যন্ত এ অভিযান অব্যাহত থাকবে।